

## 💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ১৫১৩

পর্ব - ১৬ঃ বিবিধ প্রসঙ্গ (كتاب الجامع)

পরিচ্ছেদঃ ৪. মন্দ চরিত্র সম্পর্কে ভীতি প্রদর্শন

## আরবী

وَعَنْ عَائِشَةَ \_رَضِيَ اللَّهُ عَنْهَا \_قَالَتْ: قَالَ رَسُولُ اللَّهِ \_ صلى الله عليه وسلم \_ قَالَ: «الشُّوْمُ: سُوءُ الْخُلُقِ». أَخْرَجَهُ أَحْمَدُ وَفِي إِسْنَادِهِ ضَعْفٌ

ضعيف. رواه أحمد (6/ 85) وسنده ضعيف، وقد روي الحديث من طرق أخرى لكنها ضعيفة كلها؛ ولهذا قال العراقي: حديث لا يصح

বাংলা

১৫১৩। 'আয়িশাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কুলক্ষণই মন্দ চরিত্র।[1]

## **English**

'A'ishah (RAA) narrated that the Messenger of Allah (ﷺ) said:

"Pessimism is part of bad character." Related by Ahmad with a weak chain of narrators.

## ফুটনোট

[1] তিরমিয়ী ১৯৩৪, আবূ দাউদ ৪৮৭৪, আহমাদ ৭১০৬, ৮৭৫৯, দারেমী ২৭১৪। ইবনু আদী তাঁর আল কামিল ফি যুআফা গ্রন্থে ২/২১১ পৃষ্ঠায় বলেন, এর সানাদে আবূ বকর বিন আবূ মারইয়াম রয়েছে তার অধিকাংশ হাদীস গরীব, তার দ্বারা দলীল গ্রহণ করা যায় না। আবূ নুআইম তাঁর হিলয়াতুল আউলিয়া ৬/১১০ গ্রন্থে বলেন, আবূ বকর বিন আবূ মারইয়াম এ হাদীসটি এককভাবে উল্লেখ করেছেন। ইমাম বাইহাকী শুআবূল ঈমান ৬/২৭৩১



পৃষ্ঠায় বলেন, এর সানাদে আবৃ বকর আবদুল্লাহ আল গাসানী রয়েছে, সে দুর্বল। শাইখ আলবানী সিলসিলা যঈফায় ৭৯৩, যাঈফুত তারগীব ১৬১০, যঈফুল জামে ৩৪২৬ গ্রন্থে হাদীসটিকে দুর্বল আখ্যায়িত করেছেন। অনুরূপ জাবের বিন অবদুল্লাহ সূত্রে বর্ণিত একটি হাদীসের সানাদকে ইমাম বাইহাকী শুআবৃল ঈমানে ৬/২৭৩১ দুর্বল বলেছেন। আর আলবানী যঈফ তারগীব ১৪৭১ গ্রন্থে হাদীসটিকে সরাসরি জাল হিসেবে আখ্যায়িত করেছেন।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন